নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
রেজিনং-১৪, তারিখঃ ০৬/০৫/১৯৮২ ইং
উপজেলা পরিষদ চত্বর নীলফামারী সদর, নীলফামারী।

স্মারক নং-০১

তারিখঃ ২৯/০৯/২০২২খ্রিঃ।

এতদ্বারা নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০১/১১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য সমিতির বিশেষ সাধারন সভার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির ০১ জন সভাপতি, ০১ জন সহ-সভাপতি ও ০৬ জন পরিচালক পদে নির্বাচনের নিমিত্তে নির্বাচন কমিটির ২৯/০৯/২০২২ খ্রিঃ তারিখের সভায় প্রনীত ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসীল সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৭(১) বিধি অনুযায়ী সমিতির সদস্য সমিতি ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্ন রুপভাবে ঘোষনা করা হলো।

**নির্বাচনী তফসিল/২০২২খ্রিঃ**

| ক্রঃ নং | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র সরবরাহ | নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর কার্যালয় | ১০/১০/২২খ্রিঃ<br>১১/১০/২২খ্রিঃ | সকাল ৯.০০টা হতে দুপুর ২.০০টা পর্যন্ত |
| ২ | মনোনয়ন পত্র দাখিল | নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর কার্যালয় | ১২/১০/২২ খ্রিঃ | সকাল ৯.০০টা হতে দুপুর ২.০০টা পর্যন্ত |
| ৩ | মনোনয়ন পত্র যাচাই-বাচাই | নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর কার্যালয় | ১৩/১০/২২ খ্রিঃ | সকাল ১০.০০টা |
| ৪ | বৈধ, বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ১৩/১০/২২ খ্রিঃ | বিকাল ৩.০০টা |
| ৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বা অবৈধ ঘোষনায় আপত্তি বিষয়ে আপিল আবেদন | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর মহোদয় বরাবর | ১৬/১০/২২ খ্রিঃ<br>ও<br>১৭/১০/২২ খ্রিঃ | অফিস চলাকালীন সময় |
| ৬ | আপিল আবেদনের উপর শুনানী ও সিদ্ধান্ত গ্রহন | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর মহোদয় কর্তৃক | ১৮/১০/২২ খ্রিঃ<br>১৯/১০/২২ খ্রিঃ<br>২০/১০/২২ খ্রিঃ | আপিল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় |
| ৭ | বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ২৩/১০/২২ খ্রিঃ | বিকাল ৩.০০টা |
| ৮ | প্রার্থীতা প্রত্যাহার(লিখিত আবেদন) | নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর কার্যালয় | ২৪/১০/২২ খ্রিঃ | সকাল ৯.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত |
| ৯ | চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড | ২৪/১০/২২ খ্রিঃ | দুপুর ২.০০ টা |
| ১০ | প্রতীক বরাদ্দ | নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর কার্যালয় | ২৪/১০/২২ খ্রিঃ | বিকাল ৩.০০টা |
| ১১ | ভোট গ্রহন | বিআরডিবি নীলফামারী সদর এর প্রশিক্ষন কেন্দ্রে | ০১/১১/২২ খ্রিঃ | সকাল ১১.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত বিরতিহীন ভাবে। |
| ১২ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষনা | বিআরডিবি নীলফামারী সদর এর প্রশিক্ষন কেন্দ্রে | ০১/১১/২২ খ্রিঃ | ভোট গণনা শেষে বিশেষ সাধারন সভার মাধ্যমে। |

**নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্যঃ**

০১। নির্বাচন সমবায় সমিতি আইন/২০০১, (সংশোধীত-২০০২ ও সংশোধীত ২০১৩) সমবায় সমিতি বিধিমালা/০৪ এবং সংশ্লিষ্ট সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক পরিচালিত হবে।

০২। ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদে ০১ জন, (সমগ্র নির্বাচনী এলাকা), সহ-সভাপতি পদে ০১ জন ,(সমগ্র নির্বাচনী এলাকা), পরিচালক পদে ০৬ জন ০৬টি নির্বাচনী ব্লক থেকে সর্বমোট ০৮টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে

০৩। সমিতির ব্যবস্থাপনা কমিটির ০৮/০৮/২০২২খ্রিঃ তারিখের সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে অংশ গ্রহনকারী আগ্রহী প্রত্যেক প্রার্থীকে মনোনয়ন পত্র সমিতির কার্যালয় হতে মনোনয়ন পত্রের ফি বাবদ(অফেরত যোগ্য) সভাপতি পদে ৫০০০/-টাকা, সহ-সভাপতি পদে ৩০০০/-টাকা, সদস্য পদে ১০০০/-টাকা রশিদ মূলে জমা দিয়ে মনোনয়ন পত্র গ্রহন করতে হবে এবং মনোনয়ন পত্র দাখিলের সময় রশিদের মূল কপি সংযুক্ত করতে হবে।

০৪। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ১(এক) কপি সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত ছবি সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৫। নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন/২০০১( সংশোধীত-২০০২,সংশোধীত- ২০১৩) ও সমবায় সমিতি বিধিমাল/২০০৪ এবং সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

০৬। পদ ভিত্তিক প্রতীক বরাদ্দ নিম্নরুপ

**নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমুহঃ**

| ক্রমিক নং | পদের নাম | সংখ্যা | প্রতীক সমুহ |
|---|---|---|---|
| ০১ | সভাপতি | ০১ জন | ছাতা,চেয়ার, দেয়াল ঘড়ি,চাকা, আনারস |
| ০২ | সহ-সভাপতি | ০১ জন | বই, দোয়াত-কলম, কাপ-পিরিচ, ফুটবল |
| ০৩ | পরিচালক | ০৬ জন | মোরগ, আম, মাছ, মই, বাইসাইকেল, বটগাছ, কুড়েঘর, আপেল |

০৭। মনোনয়ন পত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তার প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

০৮। চুড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য সমিতির বৈধ প্রতিনিধি ব্যতীত কোন ব্যক্তি নির্বাচনে অংশ গ্রহন বা নির্বাচনে ভোট প্রদান করতে পারবেন না।

০৯। কোন প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারবেন না।

১০। ব্যালট পেপার প্রার্থীগনের নামের আদ্যক্ষর অনুসারে সন্নিবেশিত হবে এ ক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১১। আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলে নির্বাচনে প্রতিদ্বন্ধিতা করতে পারবেন না।

১২। অত্র সমিতির ঋণ খেলাপীগন নির্বাচনে প্রতিদ্বন্ধিতা করতে পারবেন না ।

১৩। নির্বাচন কমিটির কোন সদস্য নির্বাচনে প্রতিদ্বন্ধিতা করতে পারবেন না।

১৪। মনোনয়ন পত্রের এবং প্রতিনিধি ফরমের নির্দিষ্ট স্থানে জেলা বা উপজেলা সমবায় অফিসারের প্রতি স্বাক্ষর থাকতে হবে।

১৫। দাখিলকৃত মনোনয়নপত্র অসম্পুর্ন, কাটাকাটি,ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় সমিতিবিধিমালা/২০০৪এর২৮(১)বিধি অনুযায়ী মনোনয়ন পত্র বাতিল বলে গন্য হবে।

১৬। চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পর প্রতীক বরাদ্দ করা হবে।একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী আবেদন করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন।

১৭। কোন পদে প্রতিদ্বন্দ্বীতা প্রার্থীর সংখ্যা নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমুহের অধিক হলে পুনঃরায় অতিরিক্ত প্রতীক বরাদ্দ প্রদান করা হবে।

১৮। নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা/২০০৪এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে যথাযথভাবে নির্বাচিত হইয়াছে বলিয়া ঘোষনা করা হবে।

| | | |
|---|---|---|
| (স্বাক্ষরিত) ২৯/০৯/২০২২ | (স্বাক্ষরিত) ২৯.০৯.২২ | (স্বাক্ষরিত) ২৯/০৯/২০২২ |
| (মোঃ সাইদুল ইসলাম) | (আলমগীর মোঃ রুহুল ইসলাম) | (মোঃ মঞ্জুর মোর্শেদ তালুকদার) |
| সদস্য | সদস্য | সভাপতি |
| নির্বাচন কমিটি/২০২২ | নির্বাচন কমিটি/২০২২ | নির্বাচন কমিটি/২০২২ |
| নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ | নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ | নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ |
| ও | ও | ও |
| সহকারী পরিদর্শক | সহকারী প্রকৌশলী | উপজেলা সমবায় অফিসার |
| উপজেলা সমবায় অফিস, নীলফামারী সদর, নীলফামারী। | বরেন্দ্র, নীলফামারী সদর ,নীলফামারী | নীলফামারী সদর ,নীলফামারী। |

স্মারক নং-০১/১(১২) তারিখঃ ২৯/৯/২০২২খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ-

০১। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়,রংপুর বিভাগ, রংপুর।

০২। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৩। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

০৪। জেলা সমবায় অফিসার, নীলফামারী।

০৫। অফিসার ইনচার্জ, নীলফামারী থানা, নীলফামারী।

০৬। উপজেলা সমবায় অফিসার,নীলফামারী সদর, নীলফামারী।

০৭। সচিব, নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নীলফামারী সদর, নীলফামারী। নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর নির্বাচনী তফশীলটি সকল সদস্য সমিতিসহ সংশ্লিষ্ট সকলের নিকট ব্যাপক প্রচারের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

০৮। সভাপতি (ব্যবস্থাপনা কমিটি), নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ নির্বাচনী তফসীলটি সকল সদস্য সমিতিসহ সংশ্লিষ্ট সকলের নিকট ব্যাপক প্রচারের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। ..........................................................................................সদস্য নির্বাচন কমিটি।

১০। নোটিশ বোর্ড।

২৯/০৯/২০২২

(মোঃ মঞ্জুর মোর্শেদ তালুকদার)
সভাপতি
নির্বাচন কমিটি/২০২২
নীলফামারী সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
ও
উপজেলা সমবায় অফিসার,
নীলফামারী সদর নীলফামারী।